# বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

ফার্মগেট, ঢাকা- ১২১৫।

স্মারক নং- ১২.২০.০০০০.০২০.০৬.০০৫.১৭. ৭৭৮৬ | তারিখঃ ২৭ মে, ২০২৫ খ্রি.

বিষয় : **কাউন্সিলের মাসিক পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

সভাপতি : ড. নাজমুন নাহার করিম
নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।

তারিখ ও সময় : **২৯ এপ্রিল, ২০২৫ খ্রিঃ, সকালঃ ১০.০০ ঘটিকা।**

স্থান : কনফারেন্স রুম -০২, বিএআরসি।

উপস্থিতি : পরিশিষ্ট- ক।

২.০ আলোচনা ও সিদ্ধান্তঃ

সভার শুরুতে ড. মো: ছায়ফুল্লাহ, সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ) সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে চেয়ারম্যান মহোদয়কে সূচনা বক্তব্য প্রদানের আহ্বান জানান। নির্বাহী চেয়ারম্যান মহোদয় সবাইকে শুভেচ্ছা ও দিক নির্দেশনা দিয়ে তাঁর সূচনা বক্তব্য প্রদান করেন এবং পরিচালক (সাপোর্ট সার্ভিস)'কে সভার আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য আহ্বান জানান। পরিচালক (সাপোর্ট সার্ভিস) সবাইকে স্বাগত জানিয়ে সভাপতির অনুমতিক্রমে আলোচ্যসূচি অনুয়ায়ী উপস্থাপনা শুরু করেন। উপস্থাপনা শেষে বিভিন্ন বিষয়ের উপর আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়-

| ক্র. নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | নিয়োগ/ পদোন্নতি | নিয়োগ সম্পর্কে সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ) মহোদয় বলেন, ৩৭ টি পদের নিয়োগ প্রক্রিয়া অচিরেই শুরু করা হবে। অতিরিক্ত সচিব (গবেষণা) মহোদয়ের সাথে এ বিষয়ে কথা হয়েছে। তিনি এ ব্যাপারে ইতিবাচক সাড়া দিয়েছন। আগামী সপ্তাহে প্রস্তুতি মিটিং হবে। | দ্রুত নিয়োগ প্রক্রিয়া শুরু করতে হবে। | সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ২. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কার্যক্রম সম্পর্কে ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সকল কার্যক্রম চলমান আছে, যদিও ৩য় কোয়ার্টার এর রিপোর্ট কৃষি মন্ত্রণালয় হতে চাওয়া হয়নি। নতুন কোন নির্দেশনাও নেই। এ সম্পর্কে নির্বাহী চেয়ারম্যান মহোদয় বলেন যে, পূর্ববর্তী বছর গুলোর ন্যায় এবছরেও কার্যক্রম চলমান থাকবে যাতে কোন নির্দেশনা পেলে দ্রুত বাস্তবায়ন করা যায়। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মোতাবেক সকল কার্যক্রম চলমান থাকবে। | এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৩. | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বিষয়ে ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন যে, ৩য় কোয়ার্টার পর্যন্ত সকল কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। ৪র্থ কোয়ার্টারের কার্যক্রম চলমান আছে। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী সকল কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| | GRS, তথ্য অধিকার, সিটিজেন চার্টার | ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ জানান যে, সকল কার্যক্রম সুশৃঙ্খলভাবে চলমান আছে। কৃষি মন্ত্রণালয় হতে রিপোর্ট চাওয়া হলেই প্রেরণ করা হবে। | | |
| | ই-গভর্নেন্স | ই-গভর্নেন্স বিষয়ে ডিএই এর ১৪টি অঞ্চলের মধ্যে ৬টি অঞ্চলে প্রশিক্ষণ চলমান আছে। | | |
| ৪. | ওয়েবসাইট হালনাগাদ | সিনিয়র সিস্টেম এনালিস্ট জনাব হাসান মাহমুদ জানান, ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। মন্ত্রণালয় থেকে প্রকল্পের প্রদর্শনগুলো ভিজিবল ও সার্চেবল করার কথা বলা হয়েছে। সে অনুযায়ী ব্যবস্থা নেওয়া হচ্ছে। এ সম্পর্কে নির্বাহী চেয়ারম্যান মহোদয় বলেন পিএইচডি, সভা, সেমিনার, প্রশিক্ষণ এর বিস্তারিত তথ্যাদি ওয়েবসাইটে হালনাগাদ করা হয় না। ক্যাটাগরি অনুযায়ী বিস্তারিত তথ্যগুলো হালনাগাদ করতে হবে। জনাব হাসান মাহমুদ বলেন, কার্যক্রম চলমান আছে এবং আরো সুন্দরভাবে পুনর্বিন্যাস করা হবে। সদস্য পরিচালক (প্রশাসান ও অর্থ) মহোদয় সভা, সেমিনার, প্রশিক্ষণ এর বিস্তারিত তথ্য দিয়ে কম্পিউটার ও জিআইএস ইউনিট'কে সাহায্য করার জন্য সকলকে তাগিদ দেন এবং একটি কমিটি গঠন করার প্রস্তাব দেন। | ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করতে হবে ও একটি কমিটি গঠন করতে হবে। | পরিচালক (কম্পিউটার ও জিআইএস) ও সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ) |

| ক্র. নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৫. | অডিট আপত্তি | অডিট আপত্তির বিষয়ে উপ-পরিচালক (হিসাব) জনাব মোঃ দেলোয়ার হোসেন বলেন, এখন পর্যন্ত মোট ২২ (বাইশ)টি অডিট আপত্তি রয়েছে যার মধ্যে ১৮ (আঠার)টির ব্রডশীট জবাব দেওয়া হয়েছে। এই ১৮ (আঠার)টির মধ্যে ০২ (দুই)টি অচিরেই নিষ্পত্তি হবে। বাকি ০৪ (চার)টি SFI অডিট আপত্তির ব্রডশীট জবাব দেওয়া হয়েছিল কিন্তু অগ্রগতি হয় নাই। পুনরায় ব্রডশীট জবাব দেওয়ার প্রস্তুতি চলছে। | সকল অডিট আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (অর্থ) |
| ৬. | জার্নাল আপডেট | সিনিয়র সায়েন্টিফিক এডিটর ড. মোছা: সুফরা আক্তার বানু বলেন, এডিটরিয়াল বোর্ড মিটিং হয়েছে, সেখানের সিদ্ধান্ত মোতাবেক ডিসিপ্লিন অনুযায়ী রিভিউয়ার লিস্ট হালনাগাদের বিষয়ে আগামী ০৬ মে, ২০২৫ তারিখে এডিটরিয়াল বোর্ডের আরো একটি সভা আহ্বান করা হয়েছে। | জার্নাল প্রকাশ নিয়মিত করতে হবে। | এডিটর, বিজেএ |
| ৭ | কর্মশালা | পরিচালক (জনশক্তি ও প্রশিক্ষণ) সভাকে বলেন, বর্তমান অর্থবছরে আরো ০৭টি প্রশিক্ষণ বাকি রয়েছে এবং ৯ (নয়) লক্ষ টাকা এখাতে অতিরিক্ত থাকবে এবং ০৭টি কর্মশালাও বাকি আছে এবং এখাতে ৫ (পাঁচ) লক্ষ টাকা অতিরিক্ত থাকবে। | যে প্রশিক্ষণ, কর্মশালাগুলো পরিকল্পনায় ছিলো কিন্তু বাস্তবায়ন করা হয়নি। অগ্রাধিকার ভিত্তিতে সেগুলোতে বরাদ্দ রাখতে হবে। | পরিচালক (জনশক্তি ও প্রশিক্ষণ)) |
| ৮ | সার ব্যবস্থাপনা | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. ফরিদুল আলম সভাকে বলেন, সার ব্যবস্থাপনা গাইডলাইন অনুযায়ী বিএআরসি ০৫ বছর পর পর ফার্টিলাইজার রিকমেন্ডেশন গাইড হালনাগাদ করে। এই জন্য যে ডাটা প্রয়োজন হয় সেগুলো বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠান হতে সংগ্রহ করা হয়। বাজেটের অভাবে কিছু গবেষণা কাজ মান সম্মত হয় না, সেগুলো বিএআরসি'র গবেষণা খাতের বাজেট থেকে বরাদ্দ দেয়া যায় কিনা তা বিবেচনা করতে বলেন। তাছাড়া পরিচালক (টিটিএমইউ) মনিটরিং ও গবেষণা খাতের বাজেট নিয়ে বিস্তারিত আলোচনার আহ্বান জানান। সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ) এ বিষয়ে কাউন্সিলে এই দুই খাতের বাজেট নিয়ে ব্যাখ্যা প্রদান করেন। | গবেষণা খাতের বাজেট থেকে বরাদ্দ নেওয়ার জন্য কর্মপরিকল্পনা তৈরি করতে হবে। | সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ৯ | বিবিধ | সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ) সভাকে অবহিত করেন, বিএআরসি'র অর্জনকে তুলে ধরার জন্য ডকুমেন্টারি প্রস্তুতের উদ্দেশ্যে একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটিকে ০২টি ডকুমেন্টারি তৈরির পরামর্শ দেওয়া হয়েছে। তিনি আরো উল্লেখ করেন, পার্টনার প্রকল্প ২২টি ডকুমেন্ট প্রস্তুত করবে যার মধ্যে ০২টি হবে বিএআরসি'র জন্য। ডকুমেন্টারিগুলোর দৈর্ঘ্য হবে ৪-৫ মিনিট ও ১০-১৫ মিনিট। এ সম্পর্কে কমিটির সদস্য ড. কাজী নূর-এ আলম জুয়েল বলেন, পার্টনার প্রকল্পের ডকুমেন্টারি সংক্রান্ত কমিটির সাথে বৈঠক হয়েছে। তাদেরকে বিএআরসি সম্পর্কে ব্রিফ করা হয়েছে এবং এনএটিপি প্রকল্প থেকে তৈরিকৃত পূর্বের ০২টি ভিডিও সরবরাহ করা হয়েছে। ভিডিওগুলো কিভাবে তৈরি করা হবে তার স্ক্রিপ্ট ২৪ এপ্রিল, ২০২৫ তারিখে তাদের কাছে থেকে নেওয়া হয়েছে এবং আগামী ০৪ মে, ২০২৫ তারিখে তাদের সাথে পুনরায় একটি বৈঠক হবে। | ডকুমেন্টারি গুলো দ্রুততম সময়ের মধ্যে করতে হবে। | সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ) |

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/০৫/২০২৫

(মোঃ আব্দুল মোত্তাকিন)
পরিচালক (সাপোর্ট সার্ভিস)
ও
সদস্য সচিব
কাউন্সিল মাসিক পর্যালোচনা সভা

২৭/৫/২৫

(ড. নাজমুন নাহার করিম)
নির্বাহী চেয়ারম্যান (রু.দা.)
ও
সভাপতি
কাউন্সিল মাসিক পর্যালোচনা সভা